## ছুরি নিয়ে স্কুল নীতি

প্রিয় পিতামাতা এবং যত্নদানকারীগণ

NSW সরকার সম্প্রতি কমিউনিটি পরামর্শ গ্রহণ করেছে এবং স্কুলের ভিতর ছুরি নীতিতে সংশোধনের জন্য শিখ সম্প্রদায়ের নেতাদের সাথে এবং স্বাস্থ্য ও নিরাপত্তা বিশেষজ্ঞদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে।

ডিপার্টমেন্ট কমিউনিটির সকল সদস্যকে ধন্যবাদ জানায় যারা পরামর্শের সময় তাদের বক্তব্য রেখেছিল এবং যারা সংশোধিত নির্দেশিকা তৈরিতে সহায়তা করেছিল যেখানে বলা আছে যে নির্ধারিত কিছু পরিস্থিতিতে একজন শিক্ষার্থীর কাছে স্কুলে ছুরি থাকতে পারে।

শিক্ষার্থী এবং কর্মীদেরকে তাদের স্বাস্থ্য ও সুরক্ষার সম্ভাব্য ঝুঁকি থেকে রক্ষা করার জন্য যুক্তিসঙ্গতভাবে যা করতে পারা সম্ভব তা করার জন্য ডিপার্টমেন্টের প্রতিশ্রুতি এই নির্দেশিকাগুলোতে প্রকাশ পায়। এছাড়াও এটা NSW কমিউনিটির বৈচিত্র্যকে সম্মান করার এবং বেআইনী বৈষম্যমূলক কাজ এড়ানোর প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে।

স্কুলে ছুরি রাখার উপর নিষেধাজ্ঞা বলবৎ রয়েছে তবে কিরপান পরতে কোনও শিক্ষার্থীকে বাধা দেয়া হবে না যদি তারা কঠোর নতুন নির্দেশিকা মেনে চলে। কিরপান ছুরির অনুরূপ একটি বস্তু , যা দীক্ষা প্রাপ্ত শিখরা তাদের বিশ্বাসের একটি নিবন্ধ হিসাবে পরে এবং এটি ধর্মীয়ভাবে গুরুত্বপূর্ণ।

একজন দীক্ষিত শিখ ছাত্রকে স্কুলে কিরপান পরার অনুমতি দেয়া হতে পারে তবে কিরপান অবশ্যই:

- ছোট আকারের হতে হবে, ১৬.৫ সেমি (প্রায় ৬.৫ ইঞ্চি) বা তার কম দৈর্ঘ্যের, কোনও ধারলো প্রান্ত বা পয়েন্ট থাকবে না
- আবরণের মধ্যে ব্লেডটি সুরক্ষিত হতে হবে যাতে এটি বের করা না যায়
- কাপড়ের নীচে পরতে এবং সুরক্ষিত রাখতে হবে যাতে এটি ব্যবহার করা না যায়
- খেলাধুলার মতো শারীরিক ক্রিয়াকলাপ করার সময় সরিয়ে নিরাপদে রাখতে হবে বা "শরীরের মধ্যে সুরক্ষিত" রাখতে হবে।

**দ্রষ্টব্য:** "শরীরের মধ্যে সুরক্ষিত" মানে মজবুত কাপড়ে মোড়ানো এবং একটি স্পোর্টস ব্যান্ড বা চামড়ার বেল্টের মধ্যে সুরক্ষিত যা নিশ্চিত করে যে এটি বের হয়ে না যায় অথবা পরিধানকারী বা অন্য ব্যক্তি আঘাতপ্রাপ্ত না হয়।

যুক্তিসঙ্গতভাবে জিজ্ঞাসা করা হলে, শিক্ষার্থীকে অবশ্যই যাচাই করতে হবে যে এই নির্দেশিকাগুলো মেনে চলা হচ্ছে। সুরক্ষা বিষয়ক যে কোনও উদ্বেগ নিয়ে শিক্ষার্থী এবং তাদের পিতামাতা বা যত্নকারীদের সাথে আলোচনা করা হবে।

দীক্ষা প্রাপ্ত শিখ শিক্ষার্থীরা কিরপান পরতে সক্ষম হলেও অন্য কোনও উদ্দেশ্যে স্কুলে এটি ব্যবহার করার অনুমতি তাদের নেই।

শিক্ষার্থীদের অন্য কোনও পরিস্থিতিতে স্কুলে ছুরি রাখার অনুমতি নেই যদি না ছুরিটি শিক্ষার উদ্দেশ্যে ব্যবহার করা হয় (উদাহরণস্বরূপ খাদ্য প্রযুক্তি ব্যবহারিক ক্লাসের সময়)।

স্কুলের পরে সরাসরি TAFE ক্লাসে যোগ দিতে শিক্ষার্থীরা স্কুলে ছুরি আনতে পারে তবে তাদের দিনের শুরুতে স্কুল অফিসে একটি বাক্সে বা একটি আবরণে ছুরি রাখতে হবে এবং দিনের শেষে এটি সংগ্রহ করতে হবে।

নতুন নির্দেশিকা সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে https://education.nsw.gov.au/about-us/rights-and-accountability/legal-issues-bulletins/knives-in-schools

নতুন নীতিমালার সুষ্ঠ প্রবর্তন করতে, আমি আমাদের স্থানীয় শিখ সম্প্রদায়ের নেতা এবং সদস্যদের সাথে এই ব্যবস্থাগুলো নিয়ে খুশি মনে আলোচনা করতে পারি।

দীক্ষা প্রাপ্ত শিখ শিক্ষার্থীদের পরিবারও অস্ট্রেলিয়ান শিখ অ্যাসোসিয়েশনের (Australian Sikh Association (ASA)) সাথে একযোগে তাদের মন্দিরের মাধ্যমে আরও নির্দেশনা চাইতে পারে।

এই তথ্য সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে আলোচনার জন্য সময় বের করতে স্কুলে ফোন করুন।

আপনার বিশ্বস্ত

অধ্যক্ষ (Principal)

**টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা**

আপনি যদি আরও তথ্য চান এবং আপনার অনুসন্ধানে সহায়তা করার জন্য আপনার একজন দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষী চান। আপনি যে ফোন নম্বরে কল করতে চান অপারেটরকে তা বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।